# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আঙুলের মাঝ থেকে পানি প্রবাহিত করার মাধ্যমে মহান আল্লাহ তাকে যে সম্মানিত করেছেন তার বর্ণনা

بَاب مَا أَكْرَمَ اللَّهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ تَفْجِيرِ الْمَاءِ مِنْ بَيْنِ أَصَابِعِهِ

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيل بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا شُعَيْبُ بْنُ صَفْوَانَ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِي الضُّحَى، عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا، قَالَ: دَعَا النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَالًا، فَطَلَبَ بِلَالٌ الْمَاءَ ثُمَّ جَاءَ، فَقَالَ: لَا وَاللَّهِ مَا وَجَدْتُ الْمَاءَ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " فَهَلْ مِنْ شَنٍّ؟ " فَأَتَاهُ بِشَنٍّ، فَبَسَطَ كَفَّيْهِ فِيهِ فَانْبَعَثَتْ تَحْتَ يَدَيْهِ عَيْنٌ، قَالَ: فَكَانَ ابْنُ مَسْعُودٍ رَضِيَ اللهُ عَنْهُ يَشْرَبُ، وَغَيْرُهُ يَتَوَضَّأُ

رجاله ثقات غير أن شعيب بن صفوان لم يذكر فيمن سمعوا عطاء قبل الاختلاط

বাংলা

২৫. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিলালকে (ওযুর পানি আনার জন্য) ডাকলেন। তখন বিলাল পানির খোঁজ করলেন, তারপর ফিরে এসে বললেন, না, আল্লাহর কসম, কোথাও পানি পেলাম না। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'পানির কোন পাত্র আছে কি?' তখন বিলাল তাঁকে একটি পাত্র দিলে তিনি তার মধ্যে তাঁর দুই হাতের তালু বিছিয়ে দিলেন। তখন তাঁর হাতের তালুর নিচ থেক ঝর্ণা প্রবাহিত হতে লাগল। বর্ণনাকারী বলেন, তখন সেই পানি থেকে ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু এবং অন্যান্যরা পান করতেন এবং ওযু করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সকল রাবী নির্ভরযোগ্য। তবে শুয়াইব ইবনু ছাফওয়ানকে সেই লোকদের মাঝে উল্লেখ করা হয়নি যারা আতা'র স্মৃতিশক্তি এলেমেলো হয়ে যাওয়ার আগে তার থেকে বর্ণনা করেছেন। তবে আনাস রা: হতে

‘নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাতের আঙুল থেকে পানি প্রবাহের ঘটনা সংক্রান্ত হাদীস সহীহ, যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৩২৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৬৫৩৯, ৬৫৪৩-৬৫৪৬ তে।
জাবির রা: হতেও এ হাদীস বর্ণনা করেছেন বুখারী ও মুসলিম। পরবর্তী হাদীসটি দেখুন।

তাখরীজ: আহমাদ, আল মুসনাদ ১/২৫১, ৩২৪; বাইহাকী দালাইল ৪/১২৮; তাবারানী, আল কাবীর ১২/৮৭ নং ১২৫৬; বাযযার (কাশফুল আসতার ৩/১৩৬-১৩৭)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45790

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন